# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 29-01-2025 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ গিলেন ব্যারি সিনড্রোমে আক্রান্ত হয়ে উত্তর ২৪ পরগণার আমডাঙার এক কিশোরের মৃত্যু হয়েছে। এদিকে, এই রোগ নিয়ে ভয়ের কোন কারন নেই বলে রাজ্য সরকার জানিয়েছে।

২/ রাজ্যে পরিবেশ বান্ধব শিল্প স্থাপনে নতুন দিশা দেখাতে আসন্ন বিশ্ব বাংলা বাণিজ্য সম্মেলনে দুটি নীতি ঘোষণা হতে চলেছে।

৩/ স্যালাইন বিতর্কে মেদিনীপুর মেডিক্যাল কলেজ এবং হাসপাতালের অ্যানাস্থেশিয়া বিভাগের সিনিয়র রেসিডেন্ট পল্লবী বন্দ্যোপাধ্যায়কে রক্ষাকবচ দিল কলকাতা হাই কোর্ট।

৪/ ৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলার আজ দ্বিতীয় দিন। মুখ্যমন্ত্রী বলেছেন, এই বইমেলা আগামী দিনে বিশ্বের সেরা বইমেলা হয়ে উঠবে।

৫/ পশ্চিমী ঝঞ্ঝা ও বাংলাদেশে থাকা ঘূর্নাবর্তের জেরে উত্তুরে হাওয়া বাধাপ্রাপ্ত হওয়ায় রাজ্যে তাপমাত্রা বৃদ্ধি পাবে।

oooooooooooooooooooooo

গিলেন ব্যারি সিনড্রোমে আক্রান্ত হয়ে উত্তর ২৪ পরগণার আমডাঙার এক কিশোরের মৃত্যু হয়েছে। জানা গেছে, বারাসতের প্যারীচরণ সরকার রাষ্ট্রীয় উচ্চ

বিদ্যালয়ের দ্বাদশ শ্রেণির পড়ুয়া অরিত্র মন্ডল গত ২২ তারিখ থেকে জ্বরে ভুগছিল। গলা ব্যথা থাকায় প্রথমে ঠান্ডা লেগেছে বলে মনে করা হয়। পরদিন ঘুম থেকে ওঠার পর দু'হাতে জোর না পাওয়ায় বারাসত মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে কলকাতায় এনআরএস হাসপাতালে নিয়ে আসা হয়। সেখানেই গতসোমবার মৃত্যু হয় অরিত্রর। হাসপাতালের এম এস ভি পি ইন্দিরা দে এ খবর জানান। এরপরই প্রতিবেশীদের মধ্যে চাঞ্চল্য ছড়িয়েছে।

oooooooooooooooooooooo

গিলেন ব্যারি সিনড্রোম নিয়ে ভয়ের কোন কারন নেই বলে রাজ্য সরকার জানিয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে গত এক মাসে রাজ্যে এই রোগে আক্রান্ত হওয়ার কোন ঘটনা ঘটেনি। তবে, এটা কোন নতুন রোগ নয় বলে  বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। এই রোগের ফলে অ্যাকিউট ফ্লাসিড প্যারালাইসিস হতে পারে।

সাধারণত পেটে বা ফুসফুসে কোন সংক্রমণ হলে সেখান থেকে রোগ বাড়ে। তার জেরেই হাত-পা অবশ হতে শুরু করে। রাজ্য সরকারের পোলিও টিম বিষয়টির উপরে সর্বক্ষণ নজরে রেখেছে। তবুও সাবধানে থাকতে বলা হয়েছে রাজ্যবাসীকে।

উল্লেখ্য পুনেতে গিলেন ব্যারি সিনড্রোম ১১২ জনের আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। রাজ্যে এই রোগে সংক্রমিত দুই শিশু কলকাতার ইন্সটিটিউট অফ চাইল্ড হেলথ এ ভর্তি রয়েছে।

oooooooooooooooooooooo

স্যালাইন বিতর্কে মেদিনীপুর মেডিক্যাল কলেজ এবং হাসপাতালের অ্যানাস্থেশিয়া বিভাগের সিনিয়র রেসিডেন্ট পল্লবী বন্দ্যোপাধ্যায়কে রক্ষাকবচ দিল কলকাতা হাই কোর্ট। গতকাল বিচারপতি তীর্থঙ্কর ঘোষ জানান, আপাতত সাসপেন্ড হওয়া ওই চিকিৎসককে গ্রেফতার করতে পারবে না পুলিশ। তবে এ ব্যাপারে তদন্ত চলবে।

উল্লেখ্য, মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে প্রসূতি মৃত্যুর ঘটনায় পল্লবী-সহ ১৩ জনকে সাসপেন্ড করে স্বাস্থ্য ভবন। ওই সিদ্ধান্তের বিরুদ্ধে হাই কোর্টের দ্বারস্থ হন চিকিৎসক পল্লবী। তাঁর অভিযোগ, নোটিস পাঠিয়ে ডেকে পাঠানো হলেও এখনো পর্যন্ত পুলিশ এফআইআরের কপি আপলোড করেনি। সহযোগিতা করতে হবে প্রসূতি মৃত্যু-কাণ্ডে অভিযুক্ত পল্লবীকে।

অন্যদিকে, সিআইডি তদন্তে হস্তক্ষেপ নিয়ে পল্লবীর আবেদন গ্রহণ করেনি আদালত। বিচারপতি ঘোষ জানান, এই সংক্রান্ত জোড়া জনস্বার্থ মামলা শুনছে হাই কোর্টের প্রধান বিচারপতির বেঞ্চ। এমতাবস্থায় মামলাকারীর আবেদন সিঙ্গল বেঞ্চের শোনার এক্তিয়ার রয়েছে কি না, তার ব্যাখ্যা প্রয়োজন। প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ থেকে ছাড়পত্র পেলেই পল্লবীর আবেদন শুনবে আদালত।

এদিকে, ঐ ঘটনায় মৃত প্রসূতি মামনি রুদাসের সন্তানকে ফের হাসপাতালে ভর্তি করা হয়। পেটের সমস্যা রয়েছে তার। তবে শারীরিক অবস্থা স্থিতিশীল।

কলকাতার এসএসকেএম হাসপাতালে চিকিৎসাধীন মিনারা বিবি গতকাল বাড়ি ফিরেছেন।  তবে, এখনো ডায়ালিসিস চলছে অন্য দুই প্রসূতি নাসরিন ও মাম্পির।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে পরিবেশ বান্ধব শিল্প স্থাপনে নতুন দিশা দেখাতে আসন্ন বিশ্ব বাংলা বাণিজ্য সম্মেলনে দুটি নীতি ঘোষণা হতে চলেছে। শিল্প ও বাণিজ্য দফতর সূত্রে জানা গেছে, অচিরাচরিত শক্তি উৎপাদন এবং কার্বন নির্গমন কমানোর লক্ষ্যে এই দুটি নীতি প্রণয়ন করা হচ্ছে। অচিরাচরিত শক্তির ব্যবহারকে উৎসাহিত করতে এবং পরিবেশবান্ধব জ্বালানি উৎপাদনে সহায়তা করবে গ্রিন হাইড্রোজেন পলিসি। নিউ অ্যান্ড রিনিউবল এনার্জি ম্যানুফ্যাকচারিং প্রমোশন পলিসি নামের দ্বিতীয় নীতির মাধ্যমে পরিবেশবান্ধব শক্তি উৎপাদন শিল্পে বিনিয়োগ বাড়ানোর চেষ্টা চালানো হবে। এই দুই নীতির আওতায় পরিবেশবান্ধব শিল্প গড়ে তোলার জন্য ছাড় দেওয়া হবে জমির চরিত্র বদলের ফি, স্ট্যাম্প ডিউটি এবং বিদ্যুৎ খরচের উপর। ৫ ও ৬ই ফেব্রুয়ারি কলকাতায় আয়োজিত হতে চলা বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে এই বিষয়ে আরও বিস্তারিত আলোচনা হবে বলে মনে করা হচ্ছে।

এদিকে, অষ্টম বাণিজ্য সম্মেলনে ২২টি দেশের প্রতিনিধিরা উপস্থিত থাকছেন । উদ্বোধনী অনুষ্ঠানে থাকবেন ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক। এবার বিশ্ব বাণিজ্য সম্মলন মঞ্চ থেকে আইটিসি ইনফোটেক, রাজ্যে এআই হাব স্থাপনের ঘোষণা করতে পারে বলেও মনে করা হচ্ছে।

oooooooooooooooooooo

চলতি বছরে ফের রাজ্যপালের অভিভাষণের মধ্যে দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের সূচনা হচ্ছে। রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, প্রথা মাফিক রাজ্যপালকে ভাষণ দেয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে।

তারপরে রীতি মেনে রাজ্যপালের বক্তব্যের ওপর চলবে আলোচনা। এরপরে পেশ করা হবে আগামী আর্থিক বছরের  রাজ্য বাজেট।

উল্লেখ্য, দশই ফেব্রুয়ারি রাজ্য বিধানসভায় বাজেট অধিবেশনের সূচনা হচ্ছে। ১২ তারিখ বাজেট পেশ করা হতে পারে। ২০২৬ এর বিধানসভা নির্বাচনের আগে বর্তমান সরকারের এটাই শেষ পূর্ণাঙ্গ বাজেট হতে চলেছে।

oooooooooooooooooooooo

পরীক্ষার হলে টোকাটুকি বা মোবাইল ফোন নিয়ে ধরা পড়লে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ঐ বছরের পরীক্ষা বাতিল করা হবে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ জানিয়েছে। সংসদের তরফে জারি করা এক নির্দেশিকায় পরীক্ষাকেন্দ্রে প্রত্যেক ঘরে দুইজন করে পর্যবেক্ষক উপস্থিত থাকা বাধ্যতামূলক করা হয়েছে। কোন ঘরে পরীক্ষার্থীর সংখ্যা ৫০ এর বেশি হলে সেখানে তিন জন পর্যবেক্ষক রাখতে হবে। ভেনু সুপার ভাইজারের পরিবর্তে পরীক্ষার্থীদের সামনে প্রশ্নপত্র খোলার কথা বলা হয়েছে ঐ নির্দেশিকায়।

উল্লেখ্য, আগামি তেসরা মার্চ থেকে রাজ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে।

ooooooooooooooooooooo

৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলার আজ দ্বিতীয় দিন। গতকাল বিকেলে সল্টলেকের বইমেলা প্রাঙ্গণে এর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। দেশি-বিদেশি অভ্যাগতদের উপস্থিতিতে তিনি বলেন, কলকাতা বইমেলা আগামী দিনে বিশ্বের সেরা বইমেলা হয়ে উঠবে।

বাইট মুখ্যমন্ত্রী।

পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ডের সভাপতি ত্রিদিব চট্টোপাধ্যায় বলেন,জার্মানির ফ্রাঙ্কফুর্টের বিশ্ব বইমেলায় অনুপ্রাণিত হয় শুরু হলেও এই প্রথম সেই জার্মানিকে কলকাতা বইমেলায় থিম কান্ট্রি হিসেবে পাওয়া গেল।

বাইট ত্রিদিব চট্টোপাধ্যায়

ভারতে নিযুক্ত জার্মানির রাষ্ট্রদূত ফিলিপ আকারমান ভারতের মধ্যে কলকাতার সাংস্কৃতিক ঐতিহ্যের কথা স্মরণ করে বলেন, ভারত জার্মান কূটনৈতিক সম্পর্ক ও বন্ধুত্ব এই ধরনের বিনিময়ের মাধ্যমে ক্রমশ শক্তিশালী হবে।

উল্লেখ্য, এবারের মেলায় শতবার্ষিকী সম্মাননা জানানো  হবে নারায়ণ সান্যাল, সলিল চৌধুরী, ঋত্বিক ঘটক, তপন সিনহা ও অরুন্ধতী দেবীকে। গিল্ডের সম্পাদক সুধাংশু শেখর দে জানান মেলায় প্রতিটি অনুষ্ঠান হবে খোলা আকাশের নিচে। লিটল ম্যাগাজিন প্যাভিলিয়ান ও ছোট-বড় মিলিয়ে এবার স্টলের সংখ্যা এক হাজার। গতকাল অনুষ্ঠান শেষে গিল্ডের পক্ষ থেকে সাহিত্যিক আবুল বাশার কে ২ লক্ষ টাকা মূল্যের জীবনব্যাপী সাহিত্য সম্মান জানানো হয়। বইমেলা শেষ হবে আগামী মাসের ৯ তারিখে।

রিপোর্টিং

ooooooooooooooooooo

মালদার বৈষ্ণবনগর থানার বীরনগর ১ গ্রাম পঞ্চায়েতের রাধানাথটোলা এলাকায় গুলিবিদ্ধ হয়ে প্রদীপ কর্মকার নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। আহত আরো

একজন। আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন, দীর্ঘদিন ধরেই প্রদীপ নিজের বাড়িতে বেআইনিভাবে মদের কারবার চালাচ্ছিল। সেখানেই এই কাজের সঙ্গে জড়িত ছিল নিরঞ্জন দাস নামে অপর এক ব্যক্তি। প্রতিদিনই সেখানে বহিরাগতদের আনাগোনা লেগে থাকতো। গতসন্ধ্যায় নিমাই, বাপি এবং সুজয় ঘোষের দলবল প্রদীপের বাড়িতে এসে ধারে মদ চায়। এরপরই টাকাপয়সা নিয়ে শুরু হয় বচসা। সেই সময় অতর্কিত নিমাই, প্রদীপ এবং নিরঞ্জনকে লক্ষ্য করে পরপর দুই রাউন্ড গুলি চালায়। প্রদীপের বুকের বাঁদিকে এবং নিরঞ্জনের বাঁ পায়ে গুলি লাগে। রক্তাক্ত অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই প্রদীপের মৃত্যু হয়। গুলির শব্দের আশেপাশের লোকজন ঘটনাস্থলে ছুটে আসলে হামলাকারীরা এলাকা থেকে পালিয়ে যায়। পুলিশ তাদের খোঁজে তল্লাশী শুরু করেছে।

এদিকে, গত এক মাসে জেলায় তিনটি শ্যুটাউটের ঘটনায় প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয় বাসিন্দারা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুরুলিয়ার নিতুড়িয়ায় সরবরী মোড় এলাকায় পুলিশ তল্লাশি চালিয়ে নকল মদের কারখানার হদিশ পেয়েছে। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে পাঞ্চেত যাওয়ার পথে একটি কারখানায় তল্লাশি চালিয়ে উদ্ধার হয় এক ট্রাক নকল বিদেশী মদ। স্পিরিট এবং অন্যান্য রাসায়নিক পদার্থ। এই ঘটনায় ১০ জনকে আটক করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মৌনি অমাবস্যা উপলক্ষে চলছে মহাকুম্ভের দ্বিতীয় অমৃত স্নানের যোগ। ধর্মীয় গুরুত্বের কারণে মৌনি অমাবশ্যার দিন অমৃত স্নানকে অত্যন্ত পবিত্র হিসেবে বিবেচনা করা হয়। গত ১৩-ই জানুয়ারী থেকে শুরু হওয়া এই মহাকুম্ভ মেলা বিশ্বের সর্ব বৃহৎ ধর্মীয় সমাবেশ হিসেবে চিহ্নিত হয়েছে। গত ১৪

তারিখ মকর সংক্রান্তির দিন প্রথম অমৃত স্নান হয়। **১৩**-টি আখড়ার প্রত্যেকটিকে স্নানের জন্য নির্দিষ্ট সময় বেধে দেওয়া হয়েছে।

প্রশাসনের পক্ষ থেকে পুন্যার্থীদের ত্রিবেণী সঙ্গমে যাওয়ার জন্য জোর না খাটিয়ে যে যেখানে আছেন, সেখানকার নিকটবর্তী ঘাটেই স্নান সারার আহ্বান জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাঁকুড়া, ঝাড়গ্রাম এবং পুরুলিয়ায় বারংবার বাঘ ঢুকে পড়ার ঘটনায় চিন্তিত বনদফতর তার গতিবিধি অনুধাবনের চেষ্টা চালাচ্ছে। এই পরিস্থিতিতে বাঘটিকে এখনই বন্দি না করে নজরদারি চালানোর পরিকল্পনা নিয়েছে বন দফতর। এই জেলাগুলিকে বাঘের স্থায়ী বসবাসের উপযুক্ত পরিবেশ রয়েছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। তবে, বাঘের গলায় রেডিও কলার না থাকার জন্য তার গতিবিধি নজরে রাখা চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এখনও পর্যন্ত বাঘটি পুরুলিয়ায় ঢোকেনি বলে খবর। মানবাজার ও বান্দোয়ান ছাড়াও বাঁকুড়া জেলার জঙ্গল সংলগ্ন এলাকায় সতর্ক রয়েছেন বন কর্মীরা। তবে, সেটি ফের ঝাড়খন্ড চলে গেছে বলে মনে করা হচ্ছে। দলমা রেঞ্জ এলাকায় মিলেছে বাঘের পায়ের ছাপ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমী ঝঞ্ঝা ও বাংলাদেশে থাকা ঘূর্নাবর্তের জেরে উত্তুরে হাওয়া বাধাপ্রাপ্ত হওয়ায় রাজ্যে তাপমাত্রা বৃদ্ধি পাবে।আগামী কয়েকটি দিন রাজ্যে প্রায় সর্বত্রই আবহাওয়া শুষ্ক থাকবে। উত্তরবঙ্গে দার্জিলিং ও কালিম্পং-এ আজ বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। সম্ভাবনা রয়েছে, তুষারপাতেরও। তবে, সরস্বতী পুজো অবধি আকাশ পরিচ্ছন্নই থাকবে।আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৭।দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা ২ দশমিক ৭ ডিগ্রী বেশী।

○○○○○○○○○○○○○○○○○○○

○○○○○○○○○○○○○○○○○○○